তফসিল ঘোষণার প্রস্তুতিতে ইসির সঙ্গে বৈঠকে জামায়াত



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের সময়সূচি প্রণয়নের প্রক্রিয়া চলমান অবস্থায় নির্বাচন কমিশনের সঙ্গে মতবিনিময় করেছে জামায়াতে ইসলামী।

আজ সোমবার (৮ ডিসেম্বর) দুপুরের আগে নির্বাচন ভবনের একটি বৈঠককক্ষে এ আলোচনা হয়। বৈঠকে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিনসহ কমিশনের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

জামায়াতের পক্ষ থেকে দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ারের নেতৃত্বে ছয় সদস্যের প্রতিনিধি দল ইসির সঙ্গে আলোচনায় অংশ নেয়। তফসিল প্রস্তুতি নিয়ে ধারাবাহিক বৈঠকের অংশ হিসেবে এর আগে বিএনপি ও এনসিপিও কমিশনের সঙ্গে মতবিনিময় করেছে। একই দিন সকালে বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসোসিয়েশনের একটি প্রতিনিধিদলও ইসির সঙ্গে পৃথক সাক্ষাৎ সম্পন্ন করে।

LENS ASIA